

যঙ্গিফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৯৭

১/ বিবিধ

আরবী

للنساء عشر عورات، فإذا زوجت المرأة ستر الزوج عورات، وإذا ماتت المرأة ستر
القبر تسع عورات
منكر

أخرجه الديلمي من طريق إبراهيم بن أحمد الحسني: حدثنا الحسين بن محمد الأشقر
عن أبيه محمد بن عبد الله عن محمد بن عبد الله بن أبيه عن أبيه الحسن بن الحسن
ابن علي عن الحسن عن علي مرفوعا

ذكره السيوطي في "اللالي" (2/438) شاهداً للذى قبله، وسكت عنه هو وابن عراق
في "تنزية الشريعة" (373 - 2/372)

وأقول: إسناده مظلم، من دون محمد الأشقر لم أعرفهم، وشيخه عبد الله بن محمد؛
الظاهر أنه عبد الله بن محمد بن عمر بن علي بن أبي طالب أبو محمد العلوي قال
الحافظ: "مقبول". يعني عند المتابعة، وإنما فهو لين الحديث

ومن فوقهم من أهل البيت معروفون بالصدق، ومتجمدون في "التهذيب"، فالعلة
ممن دونهم

১৩৯৭। নারীদের জন্য পর্দাকারী বস্ত্র দশটিঃ মহিলার যখন বিয়ে দিয়ে দেয়া হয় তখন স্বামী তার জন্য একটি পর্দা, আর যখন মহিলা মারা যায় তখন কবর নয়টি পর্দাকে পূর্ণ করে।

হাদীসটি মুনকার।

হাদীসটি দায়লামী ইবরাহীম ইবনু আহমাদ হাসানী সূত্রে হসাইন ইবনু মুহাম্মাদ আলআশকার হতে, তিনি তার পিতা মুহাম্মাদ ইবনু আবদিল্লাহ হতে, তিনি আব্দুল্লাহ ইবনু মুহাম্মাদ হতে, তিনি তার পিতা হতে, তিনি তার পিতা হাসান ইবনুল হাসান ইবনে আলী হতে, তিনি হাসান হতে, তিনি আলী (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

সুযুক্তী "আললাআলী" গ্রন্থে (২/৪৩৮) এ হাদীসটিকে পূর্বেরটির শাহেদ হিসেবে উল্লেখ করেছেন। তিনি এবং ইবনু ইরাক "তানযীভুশ শারীয়াহ" গ্রন্থে (২/৩৭২-৩৭৩) কোন মন্তব্য না করে চুপ থেকেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটির সনদ অন্ধকারাচ্ছন্ন। মুহাম্মাদ ইবনুল আশকারের নিচের বর্ণনাকারীগণকে আমি চিনি না। তার শাইখ হচ্ছে আব্দুল্লাহ ইবনু মুহাম্মাদ, বাহ্যিকতা হতে বুরা যায় যে তিনি হচ্ছেন আব্দুল্লাহ ইবনু মুহাম্মাদ ইবনে উমার ইবনে আলী ইবনে আবী তালেব আবু মুহাম্মদ আলাবী।

হাফিয ইবনু হাজার বলেনঃ তিনি মকরুল। অর্থাৎ মুতাবা'য়াতের ক্ষেত্রে অন্যথায় তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল।

তার উপরের বর্ণনাকারীগণ আহলে বাইতের অন্তর্ভুক্ত। তারা পরিচিত সত্যবাদী হিসেবে এবং "আত-তাহফীব" গ্রন্থে তাদের জীবনী উল্লেখ করা হয়েছে। হাদীসটির সমস্যা হচ্ছে তাদের নিচের বর্ণনাকারীগণ।

হাদীসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72276>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন